দৈনিক ইত্তেফাক

তারিখ 15 NOV 1989
পৃষ্ঠা ২ কলাম ৩

# ঢাকায় ৬ বছর চাকুরীরত শিক্ষকদের বদলীর সিদ্ধান্ত

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা মহানগরীর বিভিন্ন সরকারী হাইস্কুলে যে সকল প্রধান শিক্ষক ও শিক্ষিকা ৬ বৎসর যাবৎ ঢাকায় কর্মরত রহিয়াছেন, সরকার তাহাদের বদলীর সিদ্ধান্ত লইয়াছে। যে সকল স্কুলের প্রধান শিক্ষক এই স্কুল সেই স্কুল করিয়া ৬ বৎসর ঢাকায় প্রধান শিক্ষকতা করিতেছেন এবং যে সকল শিক্ষক-শিক্ষিকা একনাগাড়ে একই স্কুলে ৬ বৎসর

(২য় পৃঃ দ্রঃ)

## বদলীর সিদ্ধান্ত

(১ম পৃঃ পর)

শিক্ষকতা করিতেছেন শিক্ষা মন্ত্রণালয় সেই সকল শিক্ষকের তালিকা প্রণয়ন করিতেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের জনৈক উর্ধতন কর্মকর্তা জানান, ঢাকার সরকারী বিভিন্ন স্কুলের বার্ষিক পরীক্ষার ফলাফল ঘোষণার পরই ঢাকায় কর্মরত শিক্ষকদের ঢাকার বাহিরে বদলী করার কাজ শুরু করা হইবে।

ঢাকা মহানগরীর কর্মরত ভাল ভাল শিক্ষক-শিক্ষিকাদের পরশ যাহাতে গ্রামের ছাত্র-ছাত্রীরা পাইতে পারে সেই দৃষ্টিকে সামনে রাখিয়া এবং মহানগরীর ছাত্র-ছাত্রীদের নামকরা শিক্ষকদের "ক্যাসেট পদ্ধতির" প্রাইভেট পড়াশুনার হাত হইতে রক্ষা করার জন্য শিক্ষা মন্ত্রণালয় এ ব্যবস্থা গ্রহণ করিয়াছে বলিয়া তিনি উল্লেখ করেন।